# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬০৭

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - হাওযে কাওসার ও শাফাআতের বর্ণনা

## اَلْفصْلُ الثَّالِثُ (بَاب الْحَوْض والشفاعة )

---

আরবী

عَن ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّ أَمَامَكُمْ حَوْضِي مَا بَيْنَ جَنْبَيْهِ كَمَا بَيْنَ جَرْبَاءَ وَأَذْرُحَ» . قَالَ بَعْضُ الرُّوَاةِ: هُمَا قَرْيَتَانِ بِالشَّامِ بَيْنَهُمَا مَسِيرَةُ ثَلَاثِ لَيَالٍ. وَفِي رِوَايَةٍ: «فِيهِ أَبَارِيقُ كَنُجُومِ السَّمَاءِ مَنْ وَرَدَهُ فَشَرِبَ مِنْهُ لَمْ يَظْمَأْ بَعْدَهَا أَبَدًا» . مُتَّفق عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (6577) و مسلم (34 / 2299)، (5986 و 5988) ۔
(مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৫৬০৭-[৪২] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: তোমাদের সামনে (কিয়ামতের দিন) আমার হাওয থাকবে, যার দুই কিনারার দূরত্ব জারবা’ ও আযরুহ স্থানদ্বয়ের মধ্যবর্তী দূরত্বের মতো। কোন রাবী বলেছেন, এ দুটি সিরিয়ার দুই বস্তির নাম। এর মধ্যবর্তী দূরত্ব তিন রজনীর পথ। অপর এক বর্ণনায় আছে, তার পেয়ালার সংখ্যা আকাশের নক্ষত্রের মতো (অগণিত)। যে উক্ত হাওযে এসে একবার তা থেকে পান করবে, সে পরে আর কখনো পিপাসার্ত হবে না। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৬৫৭৭, মুসলিম ৩৫-(২২৯৯), মুসনাদে আহমাদ ৬১৮১, তিরমিযী ২৪৪৪, ইবনু মাজাহ ৪৩০৩, সিলসিলাতুস সহীহাহ্ ১০৮২, সহীহুল জামি ১৯৯৯, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৩৬১৬, মুসান্নাফ আবদুর রাযযাক ২০৮৫২, মুসনাদে আহমাদ ৬১৬২, শু’আবূল ঈমান ১০৪৮৫, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১১০৮৬, আল মু'জামুল আওসাত্ব ৩৯৬, আল মুসতাদরাক লিল হাকিম ৭৩৭৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রাসূলুল্লাহ (সা.) বলেছেন, তোমাদের সম্মুখে (কিয়ামতের দিন) আমার হাওয থাকবে যার দুই কিনারার দূরত্ব হবে জাবরা ও আযরুহ স্থানদ্বয়ের দূরত্বের ন্যায়। কোন কোন রাবী বলেছেন, এ দুটি সিরিয়ারে দু'টি বস্তির নাম। উভয়টির মধ্যবর্তী দূরত্ব তিন রাতের পথ। তবে মুহাক্কিক মুহাদ্দিসগণের মতে, এ দুটি স্থান সিরিয়ায় অবস্থিত এটা ঠিক কিন্তু এ দুটির মধ্যবর্তী দূরত্ব তিন রাতের পথ এ কথা ঠিক নয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85585

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন